দৈনিক
জনকণ্ঠ

তারিখ : 08 JUN 2015
পৃষ্ঠা 20 কলাম 6

# অবৈধ আউটার ক্যাম্পাস বন্ধ করে দিয়েছে পিপলস ভার্সিটি

স্টাফ রিপোর্টার ॥ অবৈধভাবে পরিচালিত নিজেদের সকল আউটার ক্যাম্পাস বন্ধ করার ঘোষণা দিয়েছে পিপলস ইউনিভার্সিটি বাংলাদেশ। এ বেসরকারী বিশ্ববিদ্যালয়টির ট্রাস্টি বোর্ড রবিবার এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দিয়ে বলেছে, এতদিন অবৈধভাবে আউটার ক্যাম্পাস পরিচালনা করা

(১৯ পৃষ্ঠা ৮ কঃ দেখুন)

## অবৈধ আউটার

(২০-এর পৃষ্ঠার পর)

ভুল ছিল। ট্রাস্টি বোর্ড সদস্যরা একই সঙ্গে শীঘ্রই স্থায়ী ক্যাম্পাস নির্মাণের ঘোষণা দিয়েছেন।

রবিবার মোহাম্মদপুরের ক্যাম্পাসে আয়োজিত সংবাদ সম্মেলনে এ সব কথা জানান প্রতিষ্ঠানটির বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি মোঃ সিরাজুল ইসলাম মোল্লা এমপি। উপস্থিত এসময় ছিলেন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ আব্দুল মান্নান চৌধুরী, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোহাম্মদ মোফাজ্জের প্রমুখ।

বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি মোঃ সিরাজুল ইসলাম মোল্লা বলেন, বিশ্ববিদ্যালয়ের নামে অবৈধভাবে পরিচালিত সকল আউটার ক্যাম্পাসসমূহ বন্ধ করা হয়েছে। বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন ২০১০ এ উল্লিখিত অবশ্য পালনীয় সকল শর্ত সমূহ যেমন- ৫ কোটি টাকার স্থায়ী আমানত, সাব-রেজিস্ট্রি অফিস কর্তৃক বিওটির রেজিস্ট্রেশন, স্থায়ী ক্যাম্পাসের জন্য জমি ক্রয় ও অবকাঠামো নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর ফলে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) কর্তৃক ইতোপূর্বে আরোপিত সকল প্রকার নিষেধাজ্ঞা প্রত্যাহার করে আমাদের প্রতিষ্ঠানকে দায়মুক্ত ঘোষণা করে একটি অফিস আদেশ জারি করেছে। বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি নিজেদের প্রতিষ্ঠানের সফলতার চিত্র দেশ ও জাতির সামনে তুলে ধরার জন্য সাংবাদিকদের সহযোগিতা কামনা করেন এবং অদূরভবিষ্যতে একটি গুণগতমানসম্পন্ন প্রতিষ্ঠানে রূপান্তর ও দেশের উচ্চশিক্ষার আঙিনায় Center if Excellence এ পরিণত করার আশাবাদ ব্যক্ত করেন।

সভাপতি বলেন, বর্তমানে পিপালস ইউনিভার্সিটিতে ৫টি অনুষদের অধিন ৯টি বিভাগ আছে। যেখানে শিক্ষার্থী আছেন চার হাজার। এক প্রশ্নের জবাবে সভাপতি বলেন, আমরা স্থায়ী ক্যাম্পাস শীঘ্রই প্রতিষ্ঠা করব। এ জন্য ইতোমধ্যেই ৬ বিঘা জমি কেনা হয়েছে,।